

বার্ষিক

প্রতিবেদন | ২০১৭-২০১৮

ANNUAL

REPORT
2017-2018



দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিঃ

DULAMIA COTTON SPINNING MILLS LTD.



দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিঃ
মাতুভূইয়া, দাগনভূইয়া, ফেনী, বাংলাদেশ



কে ডি মার্কী সূতা মানেই গোলাপ ফুলের মতোই সেরা



Contents

Letter of Transmittal	2
Notice of the 31 st AGM	3
Company Profile	4
Board of Directors	5
Top Executives	6
Photographs of 30 th AGM 2016-2017	7-8
Five Years Performance at a Glance	9
Internal Control & Risk Management	10-11
Directors' Report	12-21
Certificate of Compliance to the Shareholders	22-28
Declaration of MD & CFO	29
Report of the Audit Committee	30
Auditor's Report To The Shareholders	31
Statement of Financial Position	32
Statement of Profit or Loss	33
Statement of Changes In Equity	34
Statement of Cash Flow	35
Schedule of Properety, Plant & Equipment	36-37
Notes to the Accounts	38-53
Proxy Form	55



Letter of Transmittal

All Shareholders of Dulamia Cotton Spinning Mills Limited
Bangladesh Securities and Exchange Commission
Registrar of Joint Stock Companies & Firms
Dhaka Stock Exchange Limited
Chittagong Stock Exchange Limited
All other Stakeholders




Dear Sir(s),

ANNUAL REPORT FOR THE YEAR ENDED ON JUNE 30, 2018

We are pleased to enclose a copy of the Annual Report together with the Audited Financial Accounts including Statement of Financial Position, Statement of Profit or Loss and other comprehensive income, Statement of Cash Flow and Statement of Changes in Equity for the year ended on June 30, 2018 along with notes thereon for your kind information and record.

Sincerely Yours,

Md. Abdus Salam
Company Secretary



Dulamia Cotton Spinning Mills Ltd.

Registered Office: "Anchor Tower" 108, Bir Uttam C. R. Dutta Road, Dhaka – 1205

Notice of the 31st Annual General Meeting

The notice is hereby given to all the valued shareholders of Dulamia Cotton Spinning Mills Limited that, the 31st Annual General Meeting of the company will be held at 10:00 am. on Monday, 10th December, 2018 at Sundarban Hotel, 112, Bir Uttam C.R. Dutta Road, Dhaka-1205. The following business will be transacted in this meeting:

Ordinary Business:

1. Approval of the Annual Audited Statement of Financial Position, Statement of Profit or Loss and other comprehensive income, Statement of Cash Flow and Statement of Changes in Equity together with the notes for the year ended on June 30, 2018.
2. Retire by Rotation and Re-appointment of Directors & the Managing Director of the Company.
3. Appointment of the Statutory Auditor and the Compliance Auditor for the year 2018-2019 and fixation of their remuneration.
4. Declaration of the Dividend.

By order of the Board of Directors

Sd/-

Md. Abdus Salam
Company Secretary

Notes:

1. The record date was on Sunday, 18th November, 2018. The shareholders, whose name appeared on the members register, will eligible to attend the meeting.
2. A member eligible to attend and vote at the General meeting may appoint a proxy to attend and vote on his/her behalf. Proxy form must be affixed by requisites revenue stamp and must be submitted to the registered office of the company not less than 72 hours before the time forced for the Annual General Meeting.
3. Attendance to the AGM Venue will be upon production of the attendance card attached with the Annual Report.
4. The downloadable Version of the Annual Report 2017-2018 and the attendance card will be available on the website of the company www.dulamiabd.com.
5. As per the notification of Bangladesh Securities and Exchange Commission there will be no arrangement of gift or entertainment in the Annual General Meeting.

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার / খাবার /কোন ধরনের কুপন প্রদানের ব্যবস্থা থাকবে না



COMPANY PROFILE

Incorporation	:	February 28, 1987
Commencement of Business	:	February 28, 1987
Listing with Dhaka Stock Exchange Ltd.	:	December 30, 1989
Listing with Chittagong Stock Exchange Ltd.	:	October 10, 1995
Auditors	:	M/s. A. Wahab & Co. Chartered Accountants Hotel Purbani International Annex-2, Level-4, 1 Dilkusha, Dhaka-1000 Bangladesh
Compliance Auditors	:	M/s. Anisur Rahman & Co. Chartered Accountants 70/C, Purana Paltan Line, 3rd Floor VIP Road, Dhaka-1000
Bank	:	National Bank Ltd., Kawran Bazar Branch, Dhaka National Bank Ltd., Dagonbhuiyan Branch, Feni Islami Bank Bangladesh Ltd., Kawran Bazar Branch, Dhaka
Factory Address	:	Matubhuiyan, Dagonbhuiyan, Feni, Bangladesh
Phone	:	03323-79357
Registered Address	:	Anchor Tower, 108 Bir Uttam C.R. Dutta Road, Dhaka-1205
Phone	:	02-58610012-18, 58610027, 58610115
Fax	:	+880-2-9662734
E-mail	:	info@multimodebd.com
Web	:	www.dulamiabd.com
Executives	:	Mr. Md. Nuruzzaman Executive Director (Operation) Responsible for looking after all Business and Factory Operation of Dulamia Cotton Spinning Mills Ltd. Mr. Shib Nath Saha CFO Responsible for looking after all Financial Affairs of Dulamia Cotton Spinning Mills Ltd.



BOARD OF DIRECTORS

Mr. A.K.M. Rafiqul Islam, FCA
Chairman



Mr. Abdur Rob
Managing Director



Mr. Akbar Hossain
Director



Mr. Mahbub Anam
Director



Mr. Md. Nazrul Islam Khan
Nominated Director (ICB)



Mr. Paritosh Sarker
Nominated Director (BDBL)



Dr. Abdur Razzaque
Independent Director



Mr. A.K.D. Deen Mohammad Khan
Independent Director



Brig. Gen. (Retd) A.M.M. Wazed Thakur
Independent Director



Top Executives



Shib Nath Saha
Chief Financial Office (CFO)



Mr. Md. Abdus Salam
Company Secretary



Mr. Md. Emrul Islam,
Head of Internal Audit (In-charge)



Photographs
30th AGM, 2016-2017

বিসমিল্লাহির রাহমানির রাহিম

 **দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিমিটেড**
Dulamia Cotton Spinning Mills Limited

৩০তম বার্ষিক সাধারণ সভা

সুন্দরবন হোটেল, ১১২, বীর উত্তম সি. আর. দত্ত রোড, ঢাকা-১২০৫
২১ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার, বেলা ১০.৩০ ঘটিকা





Photographs 30th AGM, 2016-2017



Dulamia Cotton Spinning Mills Limited

ANNEX-1

5 YEARS AT A GLANCE

SI	Particulars.	2013-2014	2014-2015	2015-2016	2016-2017	2017-2018
1	<u>Financial Performance</u>					
	Net Sales.	230,937,869	243,566,107	214,781,016	246,638,747	237,419,027
	Gross Profit.	(12,755,883)	222,604	282,349	409,037	368,907
	Net Profit Before Tax.	(30,667,008)	(18,140,763)	(21,477,563)	(26,841,322)	(29,074,076)
	Net Profit After Tax.	(31,359,822)	(18,871,461)	(22,121,906)	(28,321,155)	(30,498,591)
2	<u>Share Capital and Reserve</u>					
	Paid up Capital.	75,566,000	75,566,000	75,566,000	75,566,000	(75,566,000)
	Reserve and Surplus.	(331,334,775)	(353,351,971)	(262,480,604)	(292,248,587)	(322,747,178)
3	<u>Assets</u>					
	Fixed Assets.	132,597,233	123,112,023	115,008,452	108,476,318	103,658,247
	Other Assets.	179,181,596	209,650,105	58,004,982	49,958,620	40,631,012
4	<u>Others</u>					
	Book Value Per Share.	(34.17)	(36.76)	(24.71)	(28.65)	(32.69)
	Dividend.	-				
	Earning per Share.	(4.15)	(2.50)	(2.93)	(3.75)	(4.04)



Internal Control & Risk Management

Internal Control

Internal control is a process for assuring achievement of an organization's objectives in operational effectiveness and efficiency, reliable financial reporting, and compliance with laws, regulations and policies.

The internal control system at Dulamia Cotton Spinning Mills Limited. is based on annual operational planning, ongoing management accounting and control, as well as regular board meeting and reporting to the Regulatory bodies. Annual Planning defines budget on the basis of Micro economic analysis, its assessment of market conditions and cost targets. From this, specific targets are derived for individual operating units and setting targets.

The indicators used for this purpose are determined and presented uniformly in the Dulamia Cotton Spinning Mills Limited.

Reports on financial status and selected sales volumes, and production overviews are prepared accordingly. Reports on results of operations and working capital are prepared also in order to monitor cash flow as a key management indicator for the Company. Detailed reports on the assets positions are submitted at the end of each Quarter. At the management meetings, the Management committee discusses business developments, including target achievement, along with the outlook for the relevant year and any measures that need to be taken.

Measures for Identifying, Assessing Risks

In order to identify and assess risks, individual business transactions at Dulamia Cotton Spinning Mills Limited. are analyzed using the criteria of potential risk and probability of occurrence. Suitable control measures are then established on the basis of these analyses. Furthermore, organizational measures (e.g. separation of functions in sensitive areas) and ongoing target/ actual comparisons are performed for key accounting figures. The established control and risk management systems are not able to guarantee accurate and complete accounting with absolute certainty.

Risk Assessment

Dulamia Cotton Spinning Mills Limited. is aware of the opportunities and risks for its business activity. The measures described above play a significant role in allowing Dulamia Cotton Spinning Mills Limited. to make use of the opportunities to further develop the Company without losing sight of the risks. Our control and risk management system, standardized across the Company, ensures that any major risks that could negatively affect our business performance are identified at an early stage.

Identification and Assessment of Risks

The process of identifying risks is performed regularly on a decentralized basis by the management in Dulamia Cotton Spinning Mills Limited. General macro-economic data as well as other industry-specific factors and risk information sources serve as auxiliary parameters for the Identification process. Appropriate thresholds for reporting relevant risks have been established for Dulamia Cotton Spinning Mills Limited, taking into account the specific circumstances. On the basis of our Company's risk model and according to the defined risk categories, the risks are assessed. The risk statement also includes risks that do not have a direct impact on the financial situation, but that can have an effect on non-monetary factors such as reputation or strategy. In the case of risks that cannot be directly calculated, the potential extent of damage is assessed on the basis of Qualitative criteria such as low risk or risks constituting a threat to the Company's existence.



Risk Management

Dulamia Cotton Spinning Mills Limited's risk policy is based on the business strategy, which focuses on safeguarding the Company's existence and sustainably increasing its value. Entrepreneurial activity is always forward looking and therefore subject to certain risks, Identifying risks, understanding them, and reducing them systematically are the responsibility of the Management Committee & the Board and a key task for all managers individually. Dulamia Cotton Spinning Mills Limited is subject to various risks that are not fundamentally avoided, but instead accepted, provided they are consistent with the legal and ethical principles of entrepreneurial activity and are well balanced by the opportunities they present.

The Management Committee of Dulamia Cotton Spinning Mills Limited is obliged to set up and supervise an internal control and risk management system. The Board also has overall responsibility for establishing risk assessment systems. The Audit Committee also reviews the effectiveness of the risk management system on a regular basis. The company has imposed transparent regulations to govern competences and responsibilities for risk management that are based on its structure.

A code of conduct, guidelines, and principles apply across the Company for the implementation of systematic and effective risk management. The standardized internal control and risk management system at Dulamia Cotton Spinning Mills Limited. is based on financial resources, operational planning, and the risk management strategy established by the Managing Board of the Company, It comprises several components that are carefully coordinated and systematically incorporated into the structure and workflow organization.

The essential elements of the risk management system are:

- Documentation of the general conditions for a methodical, efficient risk management in a Company guideline. In addition to this Risk Management Policy, the Code of Business Conduct is concerned with the code of conduct and compliance standards to be observed.
- Managers are responsible for corporate risk at operational level
- Direct information, reporting and open communication of Quantified risks between the Management committee and company managing Board;
- Standardized and regular reporting to Board.



দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিমিটেড পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

আসসালামু আলাইকুম,

প্রিয় শেয়ারমালিকবৃন্দ,

দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিমিটেড ১৯৮৯ সালে বাণিজ্যিক উৎপাদন শুরু করে। কোম্পানির মূল মেশিনারীজ রোমানিয়ান ক্রেডিটের আওতায় তৎকালীন শিল্প ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত হয়। রোমানিয়ান মেশিন এখন বাংলাদেশের বাজারে একেবারেই চালু নেই। উক্ত মেশিন দ্বারা উৎপাদিত সূতার চাহিদা ও দাম খুব কম এর কারণে কোম্পানি বিগত কয়েক বৎসর যাবত ক্রমাগত লোকসান দিয়ে আসছে। আপনাদের অনুপ্রেরণায় বিভিন্ন উৎস থেকে অর্থ সংগ্রহ করে অদ্যাবধি মিলটি পরিচালনা করে আসছি। এ প্রতিকূল অবস্থায়ও কোম্পানির পরিচালকমণ্ডলী হিসেবে গত ৩০শে জুন ২০১৮ এ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী এবং তদসংলগ্ন প্রতিবেদন উপস্থাপন করার সুযোগ পেয়ে আমরা আপনাদের নিকট অত্যন্ত কৃতজ্ঞ।



আপনারা নিশ্চয় অবগত আছেন যে, ১৯৮০ সালের শেষদিকে স্বাধীন দেশের সরকারি ব্যবস্থাপনায় গঠিত ৪৯টি এবং ব্যক্তি মালিকানায় প্রতিষ্ঠিত ১৫টি স্পিনিং মিল ছিল। এমতাবস্থায় অনগ্রসর ফেনী জেলা তথা দাগনভূঞার মত কৃষি প্রধান অঞ্চল বৃহৎ শিল্প স্থাপনের উপযোগী না হওয়া সত্ত্বেও কেবলমাত্র উদ্যোক্তাগণের সাহসী পদক্ষেপ, সেই সাথে ক্ষুদ্র বিনিয়োগকারীদের সক্রিয় অংশ গ্রহণে বৃহৎ এ শিল্প প্রতিষ্ঠানটি উক্ত অঞ্চলে একটি 'সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানমূলক প্রকল্প' হিসাবে এক নতুন দিগন্তের উন্মোচন ঘটায়। এ অদ্বুতপূর্ব প্রচেষ্টার জন্য উদ্যোক্তা ও সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে অত্র অঞ্চলের আপামর জনসাধারণ কৃতজ্ঞতার সাথে স্মরণ করে। কোম্পানির এ দীর্ঘ পথ পরিক্রমায় সকল শেয়ারমালিকবৃন্দ, কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং এলাকাবাসী সার্বক্ষণিকভাবে সকল প্রতিকূলতার মাঝেও কোম্পানির সকল কর্মকাণ্ডে সহযোগিতা করে আসছে।

বিগত বেশ কিছু বছরে আমরা মুনাফা অর্জনে সমর্থ হলেও এবং ব্যবস্থাপনার আন্তরিক ও দক্ষ প্রচেষ্টা থাকা সত্ত্বেও নিম্নমানের মেশিনের কারণে গত আট বছরে এ ধারাবাহিকতা ব্যাহত হয়। তথাপিও আমরা কোম্পানির পুঁজিভুত সঞ্চয় হতে ২০০৮-২০০৯



অর্থবছর পর্যন্ত শেয়ারহোল্ডারবৃন্দকে লভ্যাংশ প্রদান করি। কিন্তু ক্রমাগত লোকসানের কারণে কোম্পানির পক্ষে পুঁজিভুত সঞ্চয় হতে বর্তমান বৎসরে কোন মুনাফা প্রদান করা সম্ভব হচ্ছেনা। জনজীবনে বস্তু চাহিদার এক ব্যাপক পরিবর্তন এসেছে। এ পরিবর্তন গ্রাম থেকে শহর পর্যন্ত প্রসারিত। সে কারণে আন্তর্জাতিক বাজারে তুলার মূল্যমান কিছুটা সশ্রয় সত্ত্বেও দেশীয় সূতার বাজারে সুভাবিকতা পরিলক্ষিত হচ্ছে না, ফলে কোম্পানির আর্থিক ফলাফলে ক্ষতির পরিমাণ অব্যাহত রয়েছে। উলেখ্য, ২০১২ এর মার্চ মাসে কারখানার মূল বিদ্যুৎ সরবরাহকারী জেনারেটরটি সম্পূর্ণভাবে বিকল হয়ে যায়। আমরা দ্রুততার সাথে একটি সেকেড হ্যাণ্ড জেনারেটর সুল্ল

মূল্যে ক্রয় করে ফ্যাক্টরিতে স্থাপন করি। তাই আমরা নিরাশ বা হতাশ হচ্ছি না। আমরা আশা করছি যে, একটি সুসংগঠিত, দক্ষ কর্মীবাহিনীর সঠিক দিক নির্দেশনা, আন্তরিকতা, নিষ্ঠা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে আমাদের অগনিত গ্রাহকের মধ্যে নতুন উদ্দীপনা জাগ্রত করে আগামী বছরগুলোতে সাফল্য অর্জনের চেষ্টা অব্যাহত থাকবে।

আপনারা সবাই অবগত যে, দীর্ঘ প্রায় আড়াই দশক ব্যাপী আমরা আমাদের মূল লক্ষ্য এবং সাফল্য অর্জনে বহুলাংশে সক্ষম হয়েছি, যেমন:

- ❖ একটি পশ্চাৎপদ কৃষিপ্রধান অঞ্চলকে শিল্পাঞ্চল হিসাবে রূপদান করতে সক্ষম হয়েছি।
- ❖ কৃষিশ্রমের পাশাপাশি শিল্পে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব ও দারিদ্র দূরীকরণে সহায়ক ভূমিকা পালন করে আসছি।
- ❖ শিল্প ও প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ অবকাঠামোগত উন্নয়ন শক্তিশালীকরণের প্রক্রিয়ায় জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হয়েছি।

আমাদের গন্তব্য ও লক্ষ্য :

আমরা মনে করি স্পিনিং সেক্টরের যন্ত্রপাতির ক্ষেত্রে গত এক দশকে কারিগরি দিক থেকে অভাবনীয় উন্নয়ন সাধিত হয়েছে। উৎপাদনের প্রতিটি প্রক্রিয়ায় সংযোজিত হয়েছে গুণগত মানসম্পন্ন উন্নত যন্ত্রপাতি। ফলশ্রুতিতে নতুন প্রতিষ্ঠিত কারখানাগুলির উৎপাদনশীলতা ও সুতার গুণগত মান পুরাতন কারখানার তুলনায় যথেষ্ট উন্নত হওয়াতে সুভাবিকভাবেই নতুন ও পুরাতন মিলের উৎপাদন ও বাজার ব্যবস্থায় একটি অসম প্রতিযোগিতার সৃষ্টি হয়েছে। এ পরিস্থিতি থেকে উত্তরণের লক্ষ্যে আমরা ইতিমধ্যে কিছু কিছু যন্ত্রপাতি ও যন্ত্রাংশ প্রতিস্থাপন করেছি এবং অন্যান্য যন্ত্রপাতি প্রতিস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। পুরানো যন্ত্রপাতির সাথে নতুন যন্ত্রপাতির সমন্বয়ের মাধ্যমে আমরা ক্রমাগতভাবে সুতার মান ও উৎপাদন বৃদ্ধির জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের মূল লক্ষ্য এই অবস্থার উত্তরণের মধ্য দিয়ে বর্তমান বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য গুণগত মানের উৎপাদন ব্যবস্থা চালু রাখার মধ্য দিয়ে ক্রেতাদের চাহিদা মেটানো।

কর্মতৎপরতা :

এটা সর্বজনবিদিত যে, দেশের সর্বাধিক বিনিয়োগকৃত ও দ্রুত সম্প্রসারণশীল ‘স্পিনিং’ খাতে বিগত কয়েক বৎসর যাবৎই মন্দা ভাব বিরাজ করছে। দেশের ৩৯০টি বেসরকারি এবং সরকারি ১০টি স্পিনিং মিলের মধ্যে রপ্তানিমুখী মিলগুলি ব্যতিত অন্যান্য মিলগুলি তাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে উপনীত হতে পারছে না। ফলে বাণিজ্যিকভাবে স্থানীয় বাজারের জন্য সুতা উৎপাদনকারী মিলগুলি ক্রমাগতভাবে লোকসান দিয়ে আসছে। এছাড়া দেশী ও বিদেশী বাজারে আমদানিকৃত খুচরা যন্ত্রপাতি ও শ্রমিকের মজুরী বৃদ্ধির ফলে সুতার উৎপাদন খরচ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। কোম্পানি বিভিন্ন ক্ষেত্রে বিশেষ পরিকল্পনা গ্রহণ করে, পুনঃপুনঃ উৎপাদনের কাঁচামালের মিশ্রণ পরিবর্তন করে এবং সুতার এজেন্টদের বাস্তব ভিত্তিক পরামর্শে নতুন নতুন কাউন্ট উৎপাদন করে মিলকে চালু রাখার চেষ্টা অব্যাহত রেখেছে। সামগ্রিক বাস্তব অবস্থা ও প্রতিকূলতা সত্ত্বেও মিলটি সম্পূর্ণ বন্ধ না করে অত্র অঞ্চলে মিলটির আর্থসামাজিক অবদান/ভূমিকাকে গুরুত্ব দিয়ে অর্ধেক উৎপাদন ক্ষমতায় পরিচালনা করে আসছি। এমতাবস্থায়ও আমরা সময়মত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধ করছি এবং অদ্যাবধি কাউকে ছাড়াই করা হয়নি। এসব কারণে মিলটি অত্র সামগ্রিক অঞ্চলে কেবল একটি সুতা উৎপাদনকারী অবকাঠামোই নয় বরং একটি আর্থসামাজিক ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠান হিসাবেও জনমনে স্থান করে নিতে সক্ষম হয়েছি।



বিপণন ব্যবস্থা :

বিগত বছরগুলিতে দেশে ব্যাপক সংখ্যক সুতার মিল স্থাপিত হয়েছে। মিলগুলোর উৎপাদিত সুতা দেশের অভ্যন্তরীণ চাহিদার প্রায় ৮০ থেকে ৯০ শতাংশ মিটাতে সক্ষম। সুতার দেশীয় বাজার বর্তমানে অত্যন্ত প্রতিযোগিতামূলক বিধায় আমরা ভোক্তাদের সুবিধার্থে ৪/৬ জন এজেন্টের মাধ্যমে আমাদের উৎপাদিত সুতা সারা দেশে বিক্রয় করে আসছি। দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে নতুন নতুন এজেন্ট সৃষ্টি করে উৎপাদিত সুতা বিক্রয় করাই আমাদের মূল লক্ষ্য। কোম্পানি সর্বস্তরে কঠোর ও সুশৃঙ্খল পরিচালনা ব্যবস্থা নিশ্চিত করে সুতার সর্বোচ্চ মাননিয়ন্ত্রনের মাধ্যমে সুতার গুণাগুণ ও সুনাম অক্ষুণ্ন রাখার জন্য সর্বাত্মক চেষ্টা চালাচ্ছে।

**আর্থিক ফলাফলঃ**

নিম্নে কোম্পানির বিগত ৫ (পাঁচ) বছরের কর্মকাণ্ডের আর্থিক ফলাফল সংক্ষেপে উল্লেখ করা হলোঃ

লক্ষ টাকা

বিবরণ	২০১৭-২০১৮	২০১৬-২০১৭	২০১৫-২০১৬	২০১৪-২০১৫	২০১৩-২০১৪
নীট বিক্রয়	২৩৭৪.১৯	২৪৬৬.৩৯	২১৪৭.৮১	২৪৩৫.৬৬	২৩০৯.৩৮
বিক্রয়যোগ্য পণ্যের উৎপাদন ব্যয়	২৩৭০.৫০	২৪৬২.২৯	২১৪৪.৯৮	২৪৩৩.৪৪	২৪৩৬.৯৪
মোট লাভ/(লোকসান)	৩.৬৯	৪.০৯	২.৮২	২.২৩	(১২৭.৫৬)
যোগ: অন্যান্য আয়			-	-	-
	৩.৬৯	৪.০৯	২.৮২	২.২৩	(১২৭.৫৬)
বাদঃ					
প্রশাসনিক ব্যয়	২০৭.৫৮	১৮৫.২৩	১১৮.৫৮	১৩৬.৬৪	১৩২.৫৩
আর্থিক ব্যয়	৮৬.৮৫	৮৭.২৭	৯৯.০২	৪৬.৯৯	৪৬.৫৮
মোট ব্যয়	২৯৪.৪৩	২৭২.৫০	২১৭.৬০	১৮৩.৬৩	১৭৯.১১
নীট লাভ (কর পূর্ব)	(২৯০.৭৪)	(২৬৮.৪১)	(২১৪.৭৭)	১৮১.৪০	(৩০৬.৬৭)
নীট লাভ (কর বাদ)	(৩০৪.৯৯)	(২৮৩.২১)	(২২১.২২)	(১৮৮.৭১)	(৩১৩.৬০)

কর্মী নিয়োগ এবং মানব সম্পদ উন্নয়ন :

বর্তমানে কারখানায় ৫৫ জন কর্মকর্তা-কর্মচারী এবং ৩৭০ জন শ্রমিক কাজে নিয়োজিত রয়েছেন। শ্রমিক উপস্থিতি নিশ্চিতকরণের জন্য হাজিরা ভাতাসহ বিভিন্ন ইনসেন্টিভ প্রদানের ব্যবস্থা বলবৎ রয়েছে। এছাড়াও কারখানার উৎপাদনের স্বার্থে এবং শ্রমিক উপস্থিতি বৃদ্ধির নিমিত্তে ইতিমধ্যে কারখানার ভিতরে ৬৫ জন শ্রমিকের আবাসন ব্যবস্থা করা হয়েছে। কারখানায় নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের দক্ষতা ও সেবার মান উন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থাও রয়েছে। শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক মাসে উত্তম শ্রমিক নির্বাচন করে পুরস্কৃত করার প্রথা বিদ্যমান আছে।

যন্ত্রাংশ ক্রয় :

বর্তমানে তিনটি 'অটোকোন মেশিন' ফিনিশিং সেকশনে স্থাপিত আছে, যা উৎপাদনকে বহুলাংশে বৃদ্ধি করেছে। উক্ত অটোকোন মেশিন ব্যবহারের ফলে সূতার গুণগত মানও কিছুটা বৃদ্ধি পেয়েছে। গুণগতমান ঠিক রাখার জন্য অটোকোনের কিছু যন্ত্রাংশ আমাদানি ও স্থানীয় বাজার থেকে ক্রয় করা হয়েছে। এছাড়া আরও কিছু যন্ত্রাংশ পাইপ লাইনে আছে। যার ফলে সূতার গুণগত মান ও উৎপাদন বৃদ্ধি পাবে।

ক্যান্টিন ও খাওয়া সুবিধা :


শ্রমিকদের সুস্বাস্থ্য, সুস্বাদু খাদ্য ও সময়মত উপস্থিতি নিশ্চিতকরণে কোম্পানি প্রথম থেকেই বিনা মূল্যে শিফট ওয়ারী খাদ্য সরবরাহের ব্যবস্থা করে আসছে। বর্তমানে দ্রব্য মূল্যের উর্ধ্বগতির ফলে পূর্বের তুলনায় কোম্পানিকে অনেক বেশী অর্থ ব্যয় করে ক্যান্টিন পরিচালনা করতে হচ্ছে। এতে বার্ষিক প্রায় ৮.৭৬ লক্ষ টাকা ব্যয় হচ্ছে। তথাপিও শ্রমিক কল্যাণের কথা বিবেচনা করে কোম্পানি উক্ত সুবিধা বলবৎ রেখেছে। এছাড়া শ্রমিকদেরকে স্বাস্থ্য



সচেতনতার জন্য স্বাস্থ্য কর্মীর মাধ্যমে শিক্ষামূলক কার্যক্রমের ব্যবস্থাও রাখা হয়েছে। মহিলা শ্রমিকদের জরুরী বিশ্রাম, প্রসবকালীন ছুটি, অর্থ সাহায্য ও শিশু পরিচর্যা ইত্যাদির জন্য মিল অভ্যন্তরে মহিলা বিশ্রামাগারের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও শ্রমিকদের কল্যাণার্থে কারখানায় একটি কল্যাণ তহবিলও চালু রয়েছে। মিলের অভ্যন্তরে শ্রমিক কর্মচারীদের স্বাস্থ্যগত দিক বিবেচনা করে তাৎক্ষণিক স্বাস্থ্য সেবা দেয়ার জন্য ডাক্তার/কম্পাউন্ডারসহ একটি দাতব্য চিকিৎসা কেন্দ্র রয়েছে।

আমাদের সামর্থ্য ও দুর্বলতা :

মূলতঃ একটি অনগ্রসর কৃষিপ্রধান এলাকাতে প্রকল্পটি অবস্থিত হওয়ায় শত প্রতিকূলতার মধ্যেও অত্র এলাকাতে বৃহৎ শিল্প সংস্কৃতি গড়ে উঠেছে। এর পাশাপাশি শ্রমিক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দও এখন পূর্বের তুলনায় অনেক দক্ষ ও আধুনিক কারিগরী জ্ঞানসম্পন্ন। তারা এখন যে কোন বড় শিল্প কারখানা পরিচালনায় সক্ষম। পরিবর্তনশীল বাজার ও আমদানীকৃত কাঁচামালের উপর নির্ভরশীলতা কারণে পণ্যের উৎপাদন ব্যয় বৃদ্ধি নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বিগত ০৯-০৯-২০০৯ সন হতে ন্যাশনাল ব্যাংক কর্তৃক প্রদত্ত কোম্পানির 'চলতি মূলধন' সুবিধা বন্ধ রয়েছে। আপনারা অবশ্যই স্বীকার করবেন যে, 'চলতি মূলধন' হল যে কোন প্রতিষ্ঠানের মূল চালিকা শক্তি। তথাপিও প্রতিষ্ঠানকে চালু রাখার স্বার্থে 'চলতি মূলধন' সুবিধা ছাড়াও আমরা বিভিন্ন উপায়ে 'কোম্পানির সুনাম' / 'পরিচালনা পর্ষদের সুনাম' কাজে লাগিয়ে স্থানীয় বাজার এবং এসোসিয়েট কোম্পানির মাধ্যমে তুলা সংগ্রহ করে প্রকল্পটি সচল রেখেছি।



ঋণ পরিশোধের পরিমাণঃ

আপনারা অবগত আছেন যে, বিডিবিএল থেকে সর্বমোট ১৯৩৯.৯২ লক্ষ টাকা ঋণ গ্রহণের বিপরীতে কোম্পানি সুদ সমেত সর্বমোট ৩৫৩৩.৩৫ লক্ষ টাকা পরিশোধ করে। এছাড়া ন্যাশনাল ব্যাংক লিঃ কেও চলতি মূলধন ঋণের পাওনা বাবদ ১১০০.০০ লক্ষ টাকা পরিশোধ করে। বর্তমানে একমাত্র বিডিবিএল ছাড়া অন্য কোন ব্যাংক বা অর্থিক প্রতিষ্ঠানের নিকট কোম্পানির কোন দায়-দেনা নাই।

বি.ডি.বি.এল. পরিস্থিতিঃ

মিলটি ১৯৮৭ সালে 'রুম্যানিয়ান ক্রেডিট'র আওতায় প্রতিষ্ঠিত হয়। তৎসময়ে অন্য কোন ক্রেডিট সুবিধা না থাকার কারণে 'রুম্যানিয়ান ক্রেডিট' এর মাধ্যমেই আমাদের মেশিনারী আমদানি করতে হয়। কিন্তু মেশিন আমদানির পর তা উৎপাদনের জন্য সংস্থাপন করা হলে বেশ কিছু সমস্যা পরিলক্ষিত হয়।

তৎকালীন শিল্প ব্যাংকের নিকট পুনঃ পুনঃ আবেদনের প্রেক্ষিতে ৩০শে ডিসেম্বর ২০০৯ সালে তাদের পত্র নং ০৫২/(১০.৩) ৩৯/১৪৭২ মারফত ঋণ পুনঃ তফসিল করে। পুনঃ তফসিল মোতাবেক স্থানীয় ঋণ ও বৈদেশিক মুদ্রা ঋণ পরিশোধের সময় সীমা ও কিস্তি নির্ধারণ করে দেয়। তাহা ছাড়া পুঞ্জীভূত সুদ একটি ব্লক হিসাবে স্থানান্তরিত করা হয় এবং তা মূল ঋণ পরিশোধের পর বাস্তব অবস্থার ভিত্তিতে পুনঃ বিবেচনা করার কথা উল্লেখ করা হয়। সে হিসেবে কোম্পানি তাদের কিস্তি প্রদান করতে থাকে এবং মূল ঋণের কিস্তি বাকী থাকে ১৪০.১০ লক্ষ টাকা এবং ব্লক সুদ হিসাবে দেখানো হয় ৭১৬.৬২ লক্ষ টাকা। ইতিমধ্যে কোম্পানি তার মূলঋণের কিস্তি ১৪০.১০ লক্ষ টাকা পরিশোধ করে দিয়েছে।

কোম্পানি বিডিবিএল এর নিকট পত্র মারফত 'ব্লক সুদ' হিসাবে রক্ষিত সম্পূর্ণ টাকা কোম্পানির বর্তমান অবস্থার বিবেচনায় মওকুফের আবেদন করে। কিন্তু বিডিবিএল কোম্পানির সার্বিক অবস্থা বিবেচনা ব্যতিরেকেই তাদের পত্র নং ০৮.৩/৬৯০ তাং ২৭/৮/১২ মারফত জানায় যে, 'ব্লক হিসাবে রক্ষিত সুদ মওকুফযোগ্য নয়' যা ঋণ চুক্তির বক্তব্যের সাথে অসংগতিপূর্ণ। এতদসত্ত্বেও কোম্পানি ২৭/১১/২০১২, ৯/৫/২০১৩, ২০/৬/২০১৩, ১৯/৯/২০১৩, ২৫/৯/২০১৩, ২০/০৮/২০১৫ এবং সর্বশেষ ১৮/০৯/২০১৬ তারিখের পত্র মারফত "ব্লক সুদ" হিসাবে রক্ষিত সমুদয় টাকা মওকুফের প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

মামলার বিবরণঃ

দীর্ঘদিন যাবৎ কোম্পানির ঋণ হিসাবটি বাংলাদেশ ব্যাংক কর্তৃক C.I.B তে Classified হিসাবে দেখানো আছে। C.I.B থেকে নাম প্রত্যাহারের জন্য একটি রিট পিটিশন করা হয় যার নাম্বার ১২৩৬/২০১৭. উক্ত Writ Petition এর প্রেক্ষিতে মহামান্য হাই কোর্ট ০৯/০২/২০১৭ ইং তারিখে নিম্নলিখিত আদেশ প্রদান করেনঃ-



“Let a Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why the impugned Memo no. 06.5/678 dated 25.05.2014 issued by the respondent No.7 intimating the respondent no. 8 that the petitioner Industry is a sick industry but not eligible for resettling as the loan was rescheduled earlier (Annexure-M) and issue a Rule Nisi calling upon the respondent to show as to why the publication of the name of the petitioner in the list of CIB maintained by the office of the respondent no.6 and 9 should not be declared to have been done without any lawful authority and is of no legal effect and why the respondents should not be directed to waive 100% interest of the petitioner as a sick Industry, the original loan amount of which already been paid by complying with order dated 09.10.2013 passed by the Hon’ble High Court Division of the Supreme Court of Bangladesh in writ petition no. 10490 of 2013 (Annexure-H) and/or such other or further order or orders passed as to this Court may seem fit and proper.

The Rule is made returnable within 4 (four) weeks from date.

Pending hearing of the Rule, let operation of the publication of the names of the petitioner in the CIB list maintained by the respondent No.6 and 9 be stayed for a period of 3 (three) months from date.

The petitioner is directed to put in requisites for service of notices upon the respondents in usual course and through registered post within 48 hours.”

পরবর্তী সময়ে পুনরায় আবেদনের প্রেক্ষিতে কোর্ট ০৯/৭/২০১৭ ইং তারিখে নিম্নলিখিত আদেশ প্রদান করেন।

The order of stay granted earlier by this Court be extended for a further period of 06 (six) months from date.

পরবর্তীতে ২৫/০৯/২০১৮ তারিখে মহামান্য হাইকোর্ট উপরোক্ত রিটের বিপরীতে নিম্নবর্ণিত রায় প্রদান করেনঃ

“In view of above, this Court is of the view that, the impugned memo, in so far as the same relates to refusal of petitioner’s application for rehabilitation is concerned, should be set aside. Accordingly, the same is set aside. At the same time, the respondent-Bangladesh Development Bank is directed to take positive initiatives for rehabilitation of petitioner’s project treating the same as sick industry upon accepting its offer of payment of 30% of the interest amount and take necessary steps for removal of petitioner’s name from the CIB report of Bangladesh Bank within a period of 03 (three) months from receipt of the copy of this judgment.”

The copy of Judgement was received by the company on 14/03/2018.

উপরোক্ত রায় বাস্তবায়নের জন্য কোম্পানি ৩০% টাকা পরিশোধ করার ইচ্ছা প্রকাশ করে ১৫/০৫/২০১৮ তারিখে বিডিবিএলকে পত্র মারফত আগ্রহ প্রকাশ করে। বিডিবিএল উক্ত চিঠির উত্তর প্রদান না করে মহামান্য হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের করেন।

উক্ত আপিলের শুনানি আগামী ১০/০২/২০১৯ তারিখ ধার্য আছে। ইতোমধ্যে অত্র কোম্পানির প্রতিনিধি বিডিবিএল ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতঃ ব্যাংক কর্তৃপক্ষের আপিলের বাহিরে ঋণ পরিশোধের বিষয়টি সুরাহা করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

বর্তমান কারখানাটি থেকে সম্ভাব্য মুনাফা প্রাপ্তিঃ

আমরা আশা করছি যে, বর্তমানে বিডিবিএল এর সাথে ব্লক ইন্টারেস্ট হিসাবে যে জটিলতা বিদ্যমান তা অতিসত্তর সমাধান হয়ে যাবে। ফলশ্রুতিতে কোম্পানির সিআইবিতে কোন অসুবিধা দেখা দিবে না। কোম্পানির যথেষ্ট সম্পত্তি থাকতে সুল্ল মেয়াদী ঋণ নিতে কোন অসুবিধা হবে না। যার ফলে কোম্পানি আমদানীর মাধ্যমে বর্তমান অবস্থা থেকে সুল্ল মূল্যে তুলা ক্রয় করতে সক্ষম হবে এবং খুচরা যন্ত্রাংশ সরবরাহের ফলে কোম্পানির অচল মেশিনগুলি সচল হবে। এ অবস্থা পরিবর্তনের ফলে আমাদের ধারণা ও হিসাব মতে কোম্পানির আগামী বছরের আর্থিক



অবস্থা নিম্নলিখিত ভাবে পরিবর্তন হতে পারেঃ

বিবরণ	১ম বছর	২য় বছর	৩য় বছর
EPS	০.৩৯	০.৪২	০.৫৪
NOCFPS	০.০১	০.০৪	০.০৭

আপনারা অবগত আছেন যে, BAS ও IAS মোতাবেক প্রতি ৩ থেকে ৫ বছরের মধ্যে কোম্পানির সম্পদ পুনঃ মূল্যায়ন করতে হয় কিন্তু কোম্পানি অধ্যাবদি তার সম্পদের কোন মূল্যায়ন করেনি, যদি সম্পদের পুনঃ মূল্যায়ন করা হয় তবে NAV- তে একটি বিশাল পরিবর্তন আসবে যাহা বর্তমানে ঋণাত্মক হিসেবে দেখানো আছে।

যদিও আমরা বর্তমান পরিবর্তনের মাধ্যমে আগামী ৩ (তিন) বছরে সম্ভাব্য একটি হিসাব নিকাশের প্রতিবেদন দিয়েছি তথাপি আমরা আশা করছি যে, উক্ত ৩ (তিন) বছরের মধ্যে আমাদের বিবেচনাধীন মিস্ত্র ইয়ার্ন এবং সিল্ক ইয়ার্নের নতুন প্রকল্প স্থাপন করতে পারি। যার ফলে কোম্পানির সম্পূর্ণ চিত্র শেয়ারহোল্ডার ও রেগুলেটরি বোর্ডের নিকট গ্রহণযোগ্য হবে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

অতীতের বছরগুলোর তুলনায় ২০১৮-২০১৯ সাল প্রতিষ্ঠানের জন্য একটি বিশেষ চ্যালেঞ্জ। বাজারে সুতার হ্রাসকৃত চাহিদা সত্ত্বেও কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যে কোন মূল্যে এই চ্যালেঞ্জ মোকাবেলার প্রস্তুতি নিচ্ছেন। বাজারে কোম্পানির বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে বর্তমানে নির্ধারিত চারটি এজেন্টের পাশাপাশি আরও নতুন এজেন্ট নিয়োগের বিষয়ে আলোচনা হচ্ছে। আমাদের 'গবেষণা ও উন্নয়ন শাখা' সুতার গুণগত মান উন্নয়নের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন। সেই লক্ষ্যে আমরা আমাদের বর্তমান মিলকে যুগপোযোগী করার নিমিত্তে আমাদের ব্যাক প্রসেসের বিভিন্ন যন্ত্রপাতি যেমনঃ কার্ডিং মেশিন, কার্ড ক্লিথিং, রিং ক্যাপ ইত্যাদি পরিবর্তন ও সংযোজনের চিন্তা করছি। আশাকরি আগামী বৎসরগুলিতে আমাদের মিলের সুতার গুণগত মান বৃদ্ধির সাথে সাথে বিক্রয় ও যথেষ্ট বৃদ্ধি পাবে।

প্রাতিষ্ঠানিক ও আর্থিক প্রতিবেদন :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার সমস্ত পদক্ষেপই পরিচালকমণ্ডলী যথাযথভাবে অনুসরণ করছেন। সে মোতাবেক পরিচালকমণ্ডলী নিম্নের বিষয়গুলি উলেখ করছেন :-

- কোম্পানি আইন ১৯৯৪ বি.এ.এস. এবং সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন রুলস ও সংশ্লিষ্ট নির্দেশনায় এর আলোকেই কোম্পানির আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এই প্রতিবেদনে যথাযথভাবে কোম্পানির পরিচালনা সম্পর্কিত তথ্য, নগদ অর্থের প্রবাহ এবং মূলধন পরিবর্তনের তথ্য উপস্থাপন করা হয়েছে।
- কোম্পানি হিসাব সংক্রান্ত নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করে থাকে।
- আর্থিক প্রতিবেদন তৈরীর ক্ষেত্রে হিসাব সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয় এবং হিসাবসমূহ যুক্তিসংগতভাবে এবং প্রমান সাপেক্ষে বিবেচনা করা হয়েছে।
- আর্থিক প্রতিবেদন তৈরীর ক্ষেত্রে হিসাবসংক্রান্ত আন্তর্জাতিক মান যতটুকু বাংলাদেশের জন্য প্রযোজ্য তা অনুসরণ করা হয়েছে।
- কোম্পানির অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা ও জবাবদিহিতার ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয় এবং তা সঠিকভাবে অনুসরণ ও তদারকি করা হয়ে থাকে।
- একটি চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানির সামর্থ সম্পর্কে উলেখযোগ্য কোন তথ্য নেই।
- নিম্নলিখিত কারণে কোম্পানি লক্ষিত মুনাফা অর্জনে সক্ষম হয়নিঃ
 - আন্তর্জাতিক বাজারে তুলার মূল্য বৃদ্ধি।
 - স্থানীয় বাজারে তৈরী সুতার বিক্রয় মূল্য স্থানীয় বাজারে উৎপাদন খরচ থেকে কম।
 - ঠাঁত শিল্প ক্রমান্বয়ে কমে যাওয়ার কারণে বিক্রয় হ্রাস।
 - শ্রমিক ঘাটতি।
 - খুচরা যন্ত্রাংশ, গ্যাস ও বিদ্যুতের মূল্য বৃদ্ধি।
 - সম্পূর্ণ মেশিন চালাতে সক্ষম না হওয়াতে।
- বিগত পাঁচ বছরের আর্থিক তথ্যসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযোজনী-১)।



লভ্যাংশ অনুমোদন :

যেহেতু কোম্পানির ২০১৭-২০১৮ অর্থ বছরে কোন মুনাফা অর্জন করতে সক্ষম হয়নি, সেহেতু উক্ত আর্থিক বছরে কোম্পানি শেয়ারহোল্ডারদেরকে কোন প্রকার লভ্যাংশ দিতে পারছে না বলে পরিচালনা পর্ষদ সিদ্ধান্ত দিয়েছেন।

পরিচালনা পর্ষদের সভাঃ

আলোচ্য অর্থবছরে পরিচালনা পর্ষদের ৪টি সভা অনুষ্ঠিত হয়েছিল এবং উক্ত সভাসমূহে পরিচালকবৃন্দের উপস্থিতির তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ-

পরিচালকের নাম	সভায় উপস্থিতির সংখ্যা
জনাব এ.কে.এম. রফিকুল ইসলাম, এফসিএ	- ৪
জনাব আবদুর রব	- ৪
জনাব আকবর হোসেন	- ৪
জনাব মাহবুব আনাম	- ২
জনাব নজরুল ইসলাম খান (আইসিবি কর্তৃক নিয়োগকৃত)	- ৩
ড. আবদুর রাজ্জাক	- ৩
জনাব এ.কে.ডি দীন মোহাম্মদ খান	- ৪
ব্রিঃ জেনাঃ (অবঃ) ওয়াজেদ ঠাকুর	- ৪
জনাব পরিতোষ সরকার	- ৪

শেয়ারহোল্ডার ও ধারনকৃত সংখ্যাঃ

শেয়ারহোল্ডার

নিয়ন্ত্রণকারী/অধিনস্থ/সহযোগী প্রতিষ্ঠান
পরিচালক, প্রধান নির্বাহী, কোম্পানি সচিব,
প্রধান আর্থিক কর্মকর্তা, আভ্যন্তরীণ নিরীক্ষক
প্রধান এবং তাদের স্বামী/স্ত্রী এবং অপ্রাপ্ত বয়স্ক শিশু :
জনাব এ.কে.এম. রফিকুল ইসলাম, এফসিএ (স্বতন্ত্র পরিচালক ও চেয়ারম্যান)
জনাব আবদুর রব (ব্যবস্থাপনা পরিচালক)
জনাব আকবর হোসেন (পরিচালক)
জনাব মাহবুব আনাম (পরিচালক)
জনাব নজরুল ইসলাম খান (আইসিবি কর্তৃক নিয়োগকৃত)
জনাব পরিতোষ সরকার (বিডিবিএল কর্তৃক নিয়োগকৃত)
জনাব ড. মোঃ আবদুর রাজ্জাক (স্বতন্ত্র পরিচালক)
জনাব এ.কে.ডি দীন মোহাম্মদ খান (স্বতন্ত্র পরিচালক)
ব্রিঃ জেনাঃ (অবঃ) ওয়াজেদ ঠাকুর (স্বতন্ত্র পরিচালক)
নির্বাহীবৃন্দ
দশ ভাগ বা তার অধিক সংখ্যক শেয়ার এর ধারক

শেয়ারের সংখ্যা

শূন্য।
১০০,০০০
৫০০,৮৯০
১১,০০০
শূন্য
শূন্য
শূন্য
৬০০
শূন্য
শূন্য
শূন্য

পরিচালকমণ্ডলীর নির্বাচন / পুনঃ নির্বাচনঃ

কোম্পানি আইনের ১১০ ধারা অনুযায়ী কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগের মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ত হওয়ায় জনাব আবদুর রব ৩১তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। উক্ত পদে নিয়োগ প্রাপ্তির জন্য তিনি লিখিত ইচ্ছা পোষন করেছেন এবং তদনুযায়ী কোম্পানির ব্যবস্থাপনা পর্ষদ ১ (এক) বছর মেয়াদে তাকে পুনঃ নিয়োগের সুপারিশ করেছেন। কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন-এর ১২১ নং আর্টিকেল অনুযায়ী ‘পরিচালনা পর্ষদ এর আবর্তন’ হিসেবে পরিচালক জনাব আকবর হোসেন ৩১তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১২২নং আর্টিকেল অনুযায়ী যোগ্য বিধায়

অবসর গ্রহণকারী পরিচালকগণ এর পুনঃনির্বাচিত হওয়ার সুযোগ রয়েছে এবং জনাব আকবর হোসেন পুণঃ নির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন। পরিচালনা পর্ষদ জনাব আকবর হোসেনকে পরিচালক হিসেবে পরবর্তী বছরের জন্য পুণঃ নির্বাচনের সুপারিশ করেছেন। দুলামিয়া কটন স্পিনিং মিলস লিঃ এর পরিচালনা পর্ষদের সভায় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ কর্তৃক মনোনীত জনাব পরিতোষ সরকার কোম্পানির মনোনীত পরিচালক হিসাবে উক্ত ব্যাংক কর্তৃক প্রদত্ত পত্র নং ১০.১/১৭৯৮ দ্বারা নিয়োগ প্রাপ্ত হন এবং জনাব নজরুল ইসলাম খান আইসিবি কর্তৃক নিয়োগ প্রদত্ত পত্র নং আইসিবি/সেডি/১৪.৭৩/৭৪৭(ক) তারিখ : ১১/০১/২০১৫ দ্বারা আইসিবি ও এর মনোনীত পরিচালক হিসেবে নিয়োগপ্রাপ্ত হন:

নিরীক্ষক নিয়োগ:

মেসার্স এ ওহাব এন্ড কোম্পানি, চাটার্ড একাউন্টেন্টস নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্তির দ্বিতীয় বছর পূর্ণ করেছেন। উক্ত নিরীক্ষক ফার্মের পুনঃ নিয়োগের সুযোগ রয়েছে এবং ফার্মটি পুনঃ নিয়োগের লিখিত আগ্রহ প্রকাশ করেছে।

উপসংহার:

কোম্পানির পরিচালনাপর্ষদ প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্য পরিচালনায় প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতার জন্য বিশেষভাবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-সহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া কোম্পানির সুতা পরিবেশক ও বিপণন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ, অত্র এলাকার সরকারি-বেসরকারি সংস্থাসমূহ এলাকাবাসীসহ কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিকবৃন্দকে কোম্পানি পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। সেই সাথে প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডারগণের অব্যাহত আন্তরিক সহযোগিতায় ও ধৈর্যের যথেষ্ট প্রশংসা করেন এবং কৃতজ্ঞা জ্ঞাপন করেন। প্রতিষ্ঠানের বর্তমান সংকটময় পরিস্থিতি কাটিয়ে উঠে ভবিষ্যতে আরও উন্নতি ও সমৃদ্ধি লাভ করবে বলে পরিচালকমণ্ডলী আশা ব্যক্ত করেন এবং প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকল পর্যায়ের সংস্থা সমূহ ও ব্যক্তি-বর্গের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন।

পরিচালকমণ্ডলীর পক্ষে,



এ.কে.এম. রফিকুল ইসলাম, এফ.সি.এ.

চেয়ারম্যান



প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠার প্রতিবেদন :

দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিঃ দেশের প্রচলিত কোম্পানি আইন, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন বিধিমালা এবং স্টক এক্সচেঞ্জ সমূহের বিধিমালা এবং নির্দেশনা মেনে চলার বিষয়ে যথেষ্ট যত্নশীল। এরই ধারাবাহিকতায় প্রতিষ্ঠানটিতে সুশাসন প্রতিষ্ঠার বিভিন্ন বিষয়ের উপর আলোকপাত করা হলঃ

১। বোর্ড সাইজ / পরিচালনা পর্ষদঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর সুশাসন প্রতিষ্ঠার বিধি (৩রা জুন, ২০১৮ শর্ত - ১.১) মোতাবেক প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ ৯ (নয়) সদস্য বিশিষ্ট করা হয়েছে।

২। পরিচালকগণের পুনঃ নিয়োগঃ

সুতন্ত্র পরিচালকঃ-

কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন এই আগষ্ট ২০১২ এর ধারা ১(১.২) (VI) মোতাবেক দুলামিয়া কটন স্পিনিং মিলস্ - এর সুতন্ত্র পরিচালকগণ গত ২১শে ডিসেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২৯তম বার্ষিক সাধারণ সভায় পরবর্তী ৩ (তিন) বছর মেয়াদে নিয়োগপ্রাপ্ত হন:

- ১। এ.কে.এম. রফিকুল ইসলাম, এফ.সি.এ.
- ২। ডক্টর আবদুর রাজ্জাক
- ৩। এ.কে.ডি দীন মোহাম্মদ খান
- ৪। ব্রিঃ জেনাঃ (অবঃ) এ.এম.এম. ওয়াজেদ ঠাকুর

তাহাছাড়া বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এর পত্র নং ১০.১/১৭৯৮, তাং জুলাই ৯, ২০১৭ ইং এর মাধ্যমে জনাব পরিতোষ সরকার কে পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করে। যা দুলামিয়া কটন স্পিনিং মিলস্ লিঃ এর পরিচালনা পর্ষদের সভায় উত্থাপিত ও গৃহীত হয়।

জনাব পরিতোষ সরকার (মনোনিত পরিচালক)

জনাব পরিতোষ সরকার বর্তমানে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ মহা-ব্যবস্থাপক হিসেবে কর্মরত রয়েছেন। তিনি ১৯৮৬ সালে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিভাগে স্নাতক এবং ১৯৮৭ সালে স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ হতে এম.বি.এ. সম্পন্ন করেন। ২৭ বৎসর কর্মজীবনে জনাব পরিতোষ সরকার বিডিবিএল ছাড়াও এবি ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ এবং প্রবাসী কল্যাণ ব্যাংক লিঃ এর বিভিন্ন বিভাগে কর্মরত ছিলেন।

নিয়োগপ্রাপ্ত সুতন্ত্র পরিচালকদের সংক্ষিপ্ত পেশাগত বিবরণী / Professional Resume উলেখ করা হলোঃ

এ.কে.এম. রফিকুল ইসলাম, এফ.সি.এ.

জনাব এ.কে.এম. রফিকুল ইসলাম ১৯৬৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বি.কম. পাশ করেন। তিনি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব পাকিস্তান থেকে ১৯৬৫ সালে চার্টার্ড একাউন্টেন্ট এবং ১৯৮১ সালে যুক্তরাজ্যের ইনস্টিটিউট অব চার্টার্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস থেকে কস্ট গ্যাড ম্যানেজমেন্ট ডিগ্রি অর্জন করেন। তিনি দেশী-বিদেশী অনেক কোম্পানিতে চাকুরী করেছেন। তিনি '১৯৭৩-১৯৮৬ সাল পর্যন্ত সাধারণ বীমা কর্পোরেশনের মহাব্যবস্থাপক ছিলেন। তিনি প্রগতি ইন্সুরেন্স লিঃ-এর প্রতিষ্ঠাতা ব্যবস্থাপক পরিচালক এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স লিঃ ও ক্রেডিট বেটিং এজেন্সি অব বাংলাদেশের পরিচালক ছিলেন। তিনি এফবিসিসিআইয়ের প্রাক্তন পরিচালক এবং বর্তমানে সিআরএবি এবং এমসিসিআইয়ের পরিচালক পদে আসীন রয়েছেন।

ডক্টর আবদুর রাজ্জাকঃ

ডক্টর আবদুর রাজ্জাক ১৯৬১ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (বি.এস.সি.) ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ১৯৬৪ সালে 'এগ্রিক্যালচার সায়েন্স - এ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন এবং ১৯৬৭ সালে ময়মনসিংহ কৃষি বিশ্ব বিদ্যালয় থেকে জেনেটিক ও পল্ট ব্রিডিং এ পি.এইচ.ডি. ডিগ্রী অর্জন করেন।

ডক্টর আবদুর রাজ্জাক ১৯৬৬ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এ কর্মজীবন শুরু করেন এবং পরবর্তীতে ১৯৯৯ সালে ডাইরেক্টর জেনারেল (ডি.জি) পদে অধীষ্ট থেকে অবসর গ্রহণ করেন। বাংলাদেশের কৃষি ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০০০ সালে সরকার তাকে পুনরায় ডি.জি. হিসেবে নিয়োগ প্রদান করেন (২০০০-২০০১)। পরবর্তীতে তিনি ইন্টারন্যাশনাল মেইজ এন্ড হুইট ইমপ্রুভমেন্ট সেন্টার (ঢাকা) অফিসে এপিলিয়েট লিয়াজো সাইনলিষ্ট হিসাবে যোগদান করেন। বর্তমানে তিনি দেশী ও বিদেশী / আন্তর্জাতিক প্রতিষ্ঠান সমূহে কনসালটেন্ট হিসাবে নিযুক্ত রয়েছেন।

ডক্টর আবদুর রাজ্জাক পেশাগত কর্মজীবনে সরকারি উচ্চ পর্যায়ে দীর্ঘদিন কর্মরত ছিলেন। তিনি 'বাংলাদেশ কৃষি গবেষণা কেন্দ্রের' 'ডাইরেক্টর জেনারেল' হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন। ডক্টর রাজ্জাক তার কর্মক্ষেত্রে এজেন্ট / প্রোগাম / ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট, প্রশাসন, ফাইন্যান্স, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট, ইকোনোমিক্স ডেভেলপমেন্ট ইত্যাদি বহুমুখী কর্মে সফলতার সাথে নিয়োজিত ছিলেন। তিনি দেশের একজন উচ্চ মানের কৃষি গবেষকও বটে।

এ.কে.ডি দীন মোহাম্মদ খান

